জীবন বৃত্তান্ত



জনাব মুহাম্মদ মাহবুবুল হকের জন্ম ও বেড়ে উঠা কিশোরগঞ্জ জেলার ভৈরব উপজেলাধীন শদ্ভূপুর গ্রামে। তাঁর পিতা মুহাম্মদ আমিনুল হক ও মাতা আছিয়া খাতুন। তিনি ভৈরব উপজেলায় অবস্থিত ভৈরব সরকারী কে.বি পাইলট হাই স্কুল থেকে এস.এস.সি, সরকারী হাজী আসমত কলেজ থেকে এইচ.এস.সি এবং ইউনিভার্সিটি অব এশিয়া প্যাসিফিক (UAP) থেকে ফার্মেসিতে স্নাতক (বি. ফার্ম) ও স্নাতকোত্তর (এম. ফার্ম) ডিগ্রি অর্জন করেন। এছাড়াও তিনি কানাডার Toronto Institute of Pharmaceutical Technology (TIPT) থেকে ফার্মাসিউটিক্যাল ম্যানুফ্যাকচারিং টেকনোলজিতে পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা (PGD) সম্পন্ন করেন। বি. ফার্মে অধ্যয়নকালীন সময়ে তিনি থকের ব্রন সমস্যা নিয়ে

পুজ্থানুপুজ্থরূপে কাজ করেন ও এম. ফার্মে অধ্যয়নকালীন সময়ে তিনি এন্টি-ডায়াবেটিক ফরমুলেশন নিয়ে গবেষণামূলক কাজ করেন। জাতীয় ও আন্তর্জাতিক জার্নালে তাঁর গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল থেকে 'এ' ক্যাটাগরিতে নিবন্ধিত ফার্মাসিস্ট (নিবন্ধন নম্বর: এ-২৪৩৬) এবং ইন্টারন্যাশনাল ফার্মাসিউটিক্যাল ফেডারেশন (FIP) এর সদস্য।

১৯ জুলাই ২০১৮ খ্রি. তিনি বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে সচিব হিসেবে দায়িত্বভার গ্রহণ করেন। তিনি ২০০৫ সালে সহকারী সচিব হিসেবে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে যোগদান করেন। সচিব হিসেবে দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি পরীক্ষা নিয়ন্ত্রক ও উপ-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন। একটি স্বনামধন্য ফার্মাসিউটিক্যালস্ কোম্পানীর PMD ও Training Department এ যোগদানের মাধ্যমে তাঁর কর্মজীবন শুরু করেন। এছাড়াও তিনি আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট, ঢাকা ক্যান্টনমেন্টে খন্ডকালীন প্রভাষক হিসেবে কর্মরত ছিলেন।

বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলে বিভিন্ন দায়িত্ব পালনকালে জাতীয় স্বাস্থ্য নীতি- ২০১০, বি. ফার্ম ও এম. ফার্ম কারিকুলাম ও এক্রিডিটেশন নির্দেশিকা প্রণয়নে বিশেষ ভূমিকা পালন করেন। তথ্য ও প্রযুক্তির সহায়তায় বাংলাদেশে ফার্মেসি শিক্ষা ও পেশার মানোন্নয়নে ও সেবা সহজীকরণের লক্ষ্যে বাংলাদেশ ফার্মেসী কাউন্সিলের ডিজিটালাইজেশন চালু করেন। তিনি Better Health in Bangladesh প্রকল্পের Technical Management Committee এর সদস্য হিসেবে প্রকল্পের কার্যক্রম ও পরিচালনার ক্ষেত্রে সক্রিয় দিক নির্দেশনা প্রদান করেন। এ প্রকল্পের আওতায় মডেল ফার্মেসী ও মডেল মেডিসিন শপ স্থাপন ও পরিচালনার আদর্শ মান প্রণয়নে অগ্রণী ভূমিকা পালন করেন। বাংলাদেশে খুচরা ওষুধের বিক্রয় ও ব্যবস্থাপনা অধিকতর উন্নত করার লক্ষ্যে ডিসপেন্সারদের কর্মদক্ষতা বৃদ্ধির সহায়ক হিসেবে গ্রাজুয়েট ফার্মাসিস্টদের জন্য মডেল ফার্মেসী স্থাপন ও পরিচালনার প্রশিকষণ ম্যানুয়াল এবং ফার্মেসি টেকনিশিয়ানদের জন্য মডেল মেডিসিন শপ স্থাপন ও পরিচালনার প্রশিকষণ ম্যানুয়াল প্রণয়নে গ্রত্বপূর্ণ ভূমিকা পালন করেন।

পেশাগত জীবনে তিনি ভারত, চীন, সিঞ্চাপুর, থাইল্যান্ড, মালয়েশিয়া, দুবাই, তানজানিয়া, তুরস্ক, ইটালী, কানাডা, অস্ট্রেলিয়া ও যুক্তরাষ্ট্রে বিভিন্ন প্রশিক্ষণ, সেমিনার/ওয়ার্কশপ ও আন্তর্জাতিক সম্মেলনে অংশগ্রহণ করেছেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত; তাঁর স্ত্রী মিসেস ইসরাত নিম্মী 'এ' ক্যাটাগরিতে নিবন্ধিত একজন ফার্মাসিস্ট। তিনি বাংলাদেশ বিজ্ঞান ও শিল্প গবেষণা পরিষদে উধ্বর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে কর্মরত ছিলেন। বর্তমানে একটি স্বনামধন্য ফার্মাসিউটিক্যাল্স কোম্পনীতে Manager, Research & Development হিসেবে কর্মরত রয়েছেন। এ দম্পতির দুই মেয়ে ও এক ছেলে রয়েছে।

জনাব মুহাম্মদ মাহবুবুল হক একজন দক্ষ সংগঠক। ছাত্র জীবন থেকেই তিনি বিভিন্ন Co-Curricular ও Extracurricular কর্মকান্ডের সাথে জড়িত ছিলেন। বর্তমানে তিনি Ex. Pharmacy Students Association (EPSA), UAP এর সভাপতি হিসেবে দায়িত্ব পালন করছেন।